



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৯

তারিখ : ৩১ আশ্বিন ১৪৩২  
১৬ অক্টোবর ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

হজ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ব্যাংকের শাখাসমূহ ১৮ অক্টোবর ২০২৫ তারিখ শনিবার খোলা রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর ১৬ অক্টোবর ২০২৫ তারিখের স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯(অংশ)-  
১১৬৫ এর প্রেক্ষিতে ২০২৬ সনের হজের নিবন্ধনের অর্থ জমাদানের সুবিধার্থে হজের অর্থ গ্রহণকারী আপনাদের ব্যাংকের  
সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতপূর্বক আগামী ১৮ অক্টোবর ২০২৫ তারিখ শনিবার খোলা রাখা এবং যতক্ষণ  
হজের নিবন্ধনের অর্থ জমাদানকারী থাকেন ততক্ষণ পর্যন্ত অর্থ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা  
হলো।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (ডিওএস)

ফোন: ৯৫৩০০৯৩